দৈনিক ইনকিলাব

তারিখ 25 DEC 1993
পৃষ্ঠা 8 কলাম 7

# দিনাজপুরে পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের দায়ে প্রধান শিক্ষক ও অফিসসহকারী গ্রেফতার

।। দিনাজপুর অফিস ।।

এসএসসি আন্তঃ স্কুল নির্বাচনী পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস করার অভিযোগে পুলিশ সম্প্রতি সদর থানাধীন কাশীপুর হাই স্কুলের প্রধান শিক্ষক ও অফিস সহকারীকে গ্রেফতার করেছে।

কোতোয়ালী থানা সূত্রে জানা গেছে, পরীক্ষা চলাকালীন সময়ে প্রশ্নপত্র ফাঁস হলে গত ১৮ নভেম্বর শহরের কাচারী রোডস্থ দুটি ফটোস্ট্যাট দোকানে অভিযান চালিয়ে কয়েকটি বিষয়ের প্রশ্নপত্র ফটো কপি করার সময় দু'ব্যক্তিকে হাতে নাতে গ্রেফতার করতে সক্ষম হয়। তদন্ত শেষে এস আই মাকফুবার রহমান সুইট গতকাল উল্লেখিত স্কুলের প্রধান শিক্ষক ইসমাইল হোসেন ও অফিস সহকারী লিয়াকত আলীকে গ্রেফতার করে। বাংলাদেশ শিক্ষক সমিতি সরবরাহকৃত প্রশপ্নপত্র এক প্যাকেটের সাথে উক্ত স্কুলে সরবরাহকৃত প্রশ্নপত্রের প্যাকেটের সীলগালার যথেষ্ট পার্থক্য থাকায় সেই স্কুল থেকে প্রশ্নপত্র ফাঁসের বিষয়টি পুলিশ নিশ্চিত হয়েছে। উল্লেখ্য, প্রশ্নপত্র ফাঁস হওয়ায় পরীক্ষা স্থগিত করা হয়।